দৈনিক ইত্তেফাক

তারিখ ...... 6 APR 2009
পৃষ্ঠা ... ১৬ কলাম ... ৪ ...

# উচ্চ শিক্ষার মানোন্নয়নে ৮ কোটি ডলার ঋণ দিচ্ছে বিশ্বব্যাংক

॥ ইত্তেফাক রিপোর্ট ॥

বিশ্বব্যাংকের অঙ্গসংস্থা ইন্টারন্যাশনাল ডেভেলপমেন্ট এসোসিয়েশন (আইডিএ) বাংলাদেশকে উচ্চ শিক্ষার মানোন্নয়নে সহজ শর্তে ৮ কোটি ১৮-লাখ ডলার ঋণ দিচ্ছে। দেশের উচ্চ (১৫শ পৃঃ ৬-এর কঃ দ্রঃ)

## উচ্চ শিক্ষার মানোন্নয়নে

(১৬শ পৃঃ পর)

শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে শিক্ষাদান পদ্ধতি ও প্রাসঙ্গিক বিষয়গুলোর মানোন্নয়ন ও গবেষণার কাজে একটি প্রকল্পে ব্যবহার করা হবে এই অর্থ। এ ব্যাপারে গতকাল রবিবার সরকার ও বিশ্বব্যাংকের মধ্যে একটি ঋণ চুক্তি স্বাক্ষর হয়েছে। প্রকল্পের মাধ্যমে দেশের সরকারি ও বেসরকারি বিশ্ববিদ্যালয়গুলোতে উদ্ভাবন ও জবাবদিহিতা এবং উচ্চ শিক্ষার ক্ষেত্রে কারিগরি ও প্রাতিষ্ঠানিক সক্ষমতা জোরদারে সহায়ক হবে। এর আওতায় একটি উচ্চ ক্ষমতাসম্পন্ন তথ্য প্রযুক্তি নেটওয়ার্ক গড়ে তোলা হবে। গতকাল অর্থনৈতিক সম্পর্ক বিভাগে অতিরিক্ত সচিব মোহাম্মদ মেজবাহউদ্দীন ও ঢাকাস্থ বিশ্বব্যাংকের কান্ট্রি ডিরেক্টর শিয়ান ঝু চুক্তিতে স্বাক্ষর করেন।